গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ইনোভেশন অফিসার ও সদস্যদের সমন্বয়ে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৬/১১/২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | zoom অনলাইন প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক"। |

সভাপতি Zoom App-এর মাধ্যমে যুক্ত ও সভাকক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অনলাইনে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সদস্য-সচিব আরো জানান যে, সেপ্টেম্বর/২০২০ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের প্রথম সভার কার্যবিবরণী মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থায় ইতোপূর্বে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটের ইনোভেশন সেবাবক্সে আপলোড করা হয়েছে। এছাড়া সিদ্ধান্তসমূহ অবহিতকরণ ও বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় ও দপ্তর-সংস্থায় ইনোভেশন টিমের সদস্যকে E-mail ও Whatsapp গ্রুপে প্রেরণ করা হয়েছে। পরবর্তিতে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ১৫টি বিষয়ে মন্ত্রণালয় ও দপ্তর-সংস্থার কার্যক্রমের অগ্রগতি সর্ম্পকে আলোচনা হয়। প্রত্যেক দপ্তর/সংস্থা বিগত ইনোভেশন টিমের সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে।

২। সভাপতি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। তিনি মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে প্রাপ্তউদ্ভাবনী ধারনা যাচাই বাচাই করে চারটি উদ্ভাবনী ধারনা (i. ওয়েব অ্যাপলিক্যাশনের মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কর্মচারীদের ছুটি মঞ্জুরী, ii. মন্ত্রণালয়ের মিটিং ব্যবস্থাপনা, iii. অনলাইন রিকুজিয়েশন সিস্টেম (Inventory management) ও iv. পেনশনের সুবিধার্থে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রোফাইল ও পেনশন বিষয়ক তথ্যের ডাটাবেইজ) মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করেন যা পরবর্তিতে পর্যায়ক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে। তিনি আরওউল্লেখকরেন যে কোভিড-১৯ পরিস্থিতির কারণে যে সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি তা অতি দ্রুত সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। কোভিড-১৯ আপদকাল মোকাবেলায় উদ্ভাবনী কার্যক্রমের সম্পৃক্ততার মাধ্যমে কার্যকারী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | সিদ্ধান্ত |
|---|---|
| (ক) | প্রত্যেক দপ্তর/সংস্থা নিজ দপ্তরের 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়া দপ্তর/সংস্থা স্ব-স্ব দপ্তরে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের বিগত সকল সভার কার্যবিবরণীও এ সাথে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |
| (খ) | সকল দপ্তর/সংস্থা উদ্ভাবন ও সেবা সহজিকরণের তালিকা তৈরী ও ওয়েবসাইটে প্রকাশ করবে এবং এর বর্তমান অবস্থা/তথ্যাদি রিপোর্ট আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |

| | |
|---|---|
| (গ) | প্রত্যেক দপ্তর/সংস্থা নিজ দপ্তরের ওয়েবসাইটের সেবা সহজীকরণ ও উদ্ভাবনী কার্যক্রম সেবাবক্স দুটি হালনাগাদ করবে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ (Five Accountability Tools) সংক্রান্ত তথ্য (সেবাবক্স : i. জাতীয় শুদ্ধাচার কৌশল, ii. সেবা প্রদান প্রতিশ্রুতি, iii. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, iv. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও v. তথ্য অধিকার) ও সংশ্লিষ্ট লগো (Logo) দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে নির্দিষ্ট ক্রম অনুযায়ী আপলোড করবে। |
| (ঘ) | মন্ত্রণালয়ে উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ ডিসেম্বর/২০২০ এর মধ্যে আয়োজন করতে হবে। উদ্ভাবন ও সেবাসহজিকরণ দুইটি বিষয়ে একদিন করে দুইটি কর্মশালা আগামী জানুয়ারী ২০২১ মাসে আয়োজনের পরিকল্পনা করতে হবে। |
| (ঙ) | মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত ০৪টি উদ্ভাবনী ধারনা ওয়েবসাইটে প্রকাশ ও "পেনশনের সুবিধার্থে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রোফাইল ও পেনশন বিষয়ক তথ্যের ডাটাবেইজ" উদ্ভাবনী ধারনাটি বাস্তবায়নের জন্য পরিকল্পণা গ্রহণ করতে হবে। |

৪। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.১৭.২৬২

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭
০২ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২) মহাপরিলক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৪) পরিচালক , ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) উপ-সচিব, ক্রীড়া অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) সিনিয়র সহকারী সচিব , প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার

## পরিশিষ্ট-ক

২৬/১১/২০২০ খ্রি: তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ভার্চুয়াল সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব রেখা রানী বালো<br>যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ২. | কর্নেল এ কে মাজহারুল হক<br>পরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মোঃ ফজলে এলাহী<br>উপসচিব (ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৪. | জনাব মুহাম্মদ সাঈদ আলী<br>উপসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৫. | জনাব মাসুদা আকন্দ<br>পরিচালক (দাবিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ৬. | জনাব সোহেল আহমেদ<br>সিনিয়র সহকারী সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৭. | জনাব রওশন আরা পলি<br>সিনিয়র সহকারী সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৮. | জনাব অমলেন্দু বিশ্বাস<br>প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ৯. | জনাব মোঃ তারিকউজ্জামান<br>সহকারী পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | স্বাক্ষরিত |
| ১০. | জনাব এ. এফ. এম. আতাউল কিবরিয়া<br>সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | স্বাক্ষরিত |
| ১১. | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | স্বাক্ষরিত |
| ১২. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১৩. | জনাব মোঃ শাকিল শাহজাহান<br>সহকারী প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ | স্বাক্ষরিত |